# মার্চ/২০১৫ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মোঃ শাহজাহান ভূইয়া
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

তারিখ ঃ ১৯ মার্চ, ২০১৫।

সময় ঃ দুপুর ১২.০০ টা।

স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান।

উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। তিনি বিগত সভার কার্য বিবরনী পাঠ করে শুনান। এতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

| নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প প কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান চিকিৎসার পাশাপাশি রোগ প্রতিরোধের বিষয়ে সচেতনতা বৃদ্ধি চলছে। রূপগঞ্জের সর্বস্তরের মানুষের চিকিৎসা সেবা দানের জন্য এ্যাম্বুলেন্স মেরামত করা হচ্ছে। দ্রুতই জনগণ এর সেবা পাবে। সভাপতি চিকিৎসকদের নিয়মিত কর্মস্থলে উপস্থিত থাকার বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ জানান। | এ্যাম্বুলেন্স দ্রুত মেরামত করার জন্য উপজেলা স্বাস্থ্য ও প প কর্মকর্তা অনুরোধ জানান। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা |
| ২ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান তাঁর দাপ্তরিক কাজ যথা নিয়মে চলছে। তিনি ভোলাব FWC এর পাশে মাটি ভরাট করা প্রয়োজন মর্মে জানান। | উপজেলা প্রকৌশলীকে প্রাক্কলন তৈরীর জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প.প. কর্মকর্তা ও উপজেলা প্রকৌশলী |
| ৩ | উপজেলা প্রকৌশলী | পরিশিষ্ট "ক" তে সংযুক্ত | | |
| ৪ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা জানান, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক চলছে। ৮০০০ হেক্টর জমিতে বোরো আবাদ করা হয়েছে। সারের কোন সংকট নেই বলে তিনি জানান। কৃষি বিভাগের দ্বি-তল ভবনের কাজ চলছে ছনি-কেয়ারিয়া খালের খনন কাজ চলছে। তিনি এ সময়ে আম গাছে আমের ফলন পাওয়ার জন্য মুকুলে স্প্রে করার পরামর্শ দেন। | সার সরবরাহে যাতে কোন বাধা সৃষ্টি না হয় সে বিষয়ে নজর রাখতে উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ৫ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, তাঁর দাপ্তরিক কাজ যথা নিয়মে চলছে। রূপগঞ্জ উপজেলায় ৫৫৪ জন জেলে নিবন্ধিত হয়েছে। ১৭ ফেব্রুয়ারী তারিখে ২০ জন মৎস্যচাষীকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। | কার্যক্রমের এ ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৬ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান অত্র উপজেলায় তিনটি গো-খাদ্য ও হাঁস মুরগীর খাদ্য প্রস্তুতির কারখানা আছে। মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক উক্ত মিল হতে প্রস্তুতকৃত গো-খাদ্য ও হাঁস মুরগীর খাদ্যের নমুনা ঢাকায় প্রাণি পুষ্টি ল্যাবরেটরীতে নিয়মিত প্রেরণ করা হচ্ছে অদ্যাবধি উক্ত নমুনাতে মানব দেহের জন্য ক্ষতিকারক উপাদান পাওয়া যায়নি। তড়কা সহ অন্যান্য রোগের টিকাদান চলছে। | কার্যক্রমের এ ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ করা হয়। | প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ৭ | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প কর্মকর্তা সভায় জানান যে, ২০১৪-১৫ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) সাধারণ কর্মসূচীর আওতায় প্রথম পর্যায়ে উপজেলার ৭টি ইউনিয়নের জন্য ১১০.৭১০ মে.টন চাল বরাদ্দ পাওয়া যায়। ১১০.৭১০ মে.টন চালের সংশোধিত ৫৬টি প্রকল্পের তালিকা জেলা কর্ণধার কমিটির সভায় গৃহীত ও অনুমোদন করে উপ বরাদ্দ পত্র প্রেরণ করেছেনে। প্রকল্প বাস্তবায়নের জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কে প্রকল্প বাস্তবায়ন কমিটি দাখিলকরত খাদ্য শস্য উত্তোলন কাজ শুরু করার জন্য অনুরোধ করা হয়েছে। প্রকল্প বাস্তবায়ন কমিটি দাখিল করার পর সরকারী নির্দেশনা মোতাবেক বাস্তবায়ন কাজ শুরু হবে। গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) সাধারণ কর্মসূচীর আওতায় ১ম পর্যায়ে উপজেলার ৭টি ইউনিয়নের জন্য ১২৬ | নীতিমালা অনুযায়ী কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | মে টন চালের ১৩টি প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে। রূপগঞ্জ ইউনিয়নের একটি প্রকল্প চলমান আছে। কাজের অগ্রগতি ৯৫%। গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি,আর) সাধারণ কর্মসূচীর আওতায় ১ম পর্যায়ে তারাব পৌরসভায় বরাদ্দকৃত ৪৫.১১০ মে.টন গম দ্বারা বাস্তাবায়নের জন্য ২৪টি প্রকল্পের তালিকা জেলা কর্ণধার কমিটির সভায় গৃহীত ও অনুমোদনক্রমে উপ-বরাদ্দপত্র প্রেরণ করেছেন। তারাব পৌরসভার বরাদ্দকৃত খাদ্য শস্যের ৫০% ছাড় করা হয়েছে। প্রকল্পের কাজ চলমান আছে। কাঞ্চন পৌরসভা থেকে প্রকল্প বাস্তবায়ন কমিটি দাখিল করার পর খাদ্য শস্য ছাড় করা হবে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে। | | |
| ৮ | শিক্ষা | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক চলছে। সভাপতি ওয়াশ রুক বিহীন শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা প্রদানের জন্য শিক্ষা অফিসারকে অনুরোধ জানান। | ওয়াশরুম বিহীন শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা প্রদানের জন্য শিক্ষা অফিসারকে অনুরোধ জানান | উপজেলা শিক্ষা অফিসার |
| ৯ | মাধ্যমিক শিক্ষা | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম যথাযথ চলছে। উপজেলা নির্বাহী অফিসার বলেন- উপজেলায় বিদ্যমান লাইব্রেরী গুলোতে গাইডবই ও নোট বই অবাধে বিক্রি হচ্ছে। তিনি প্রতিটি বিদ্যালয়ে কমপক্ষে একটি করে মাল্টি মিডিয়া ক্লাশ রুম স্থাপনের জন্য বলেন। | বিদ্যমান লাইব্রেরী গুলোতে গাইডবই ও নোট বই বিক্রয় নিষিদ্ধ করে পত্র দেওয়ার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসরকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার। |
| ১০ | সমাজসেবা | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | এধারা অব্যহত রাখার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা কে অনুরোধ জানানো হয়। | উপজেলা মাজসেবা কর্মকর্তা। |
| ১১ | যুব উন্নয়ন | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ঋণ আদায় কার্যক্রম শতভাগ এবং খেলাপী ঋণ আদায়ে জোর প্রচেষ্টা চলছে। | ঋণ ও প্রশিক্ষণসহ অন্যান্য কার্যক্রমের এ ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা। |
| ১২ | মহিলা বিষয়ক | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ৮ মার্চ আর্ন্তজাতিক নারী দিবস। দিবসটি সফল পালন করা হয়েছে। ৬ই মার্চ মানব বন্ধনে অংশগ্রহণের জন্য সকলকে ধন্যবাদ জানান। তিনি আরও জানান ৩৩৬ জন মাতৃত্বকালীন ভাতা ভোগীর ভাতা প্রক্রিয়াধীন আছে। ভাতার পরিমান ৩৫০ থেকে ৫০০ টাকায় উন্নীত করা হয়েছে। ব্যাংক হিসাব খোলার কার্যক্রম সম্পন্ন হয়েছে। অন্যান্য ইউনিয়ন পরিষদে ভাতা ভোগীদের উপস্থিত না পাওয়ায় ব্যাংক হিসাব খোলার কার্যক্রম সম্পন্ন করা যায়নি। দ্রুত ব্যাংক হিসাব খোলার বিষয়ে সহযোগিতা করার জন্য চেয়ারম্যান গণকে অনুরোধ জানান। | দ্রুত ভাতাভোগী মহিলাদের ব্যাংক হিসাব খোলার কাজ সম্পন্ন করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কে অনুরোধ জানান। | মহিলা বিষয়ক |
| ১৩ | বিআরডিবি | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, তাঁর দপ্তরের ঋণ আদায় ও বিতরনসহ অন্যান্য কার্যক্রম যথাযথ চলছে। পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশনকে উপজেলা পরিষদের সদস্য হিসেবে কোঅপ্ট করার বিষয়ে প্রস্তাব করেন। | পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশনকে উপজেলা পরিষদের সদস্য হিসেবে কোঅপ্ট করার সর্বসম্মত সিদ্ধান্ত গ্রহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৪ | জনস্বাস্থ্য প্রকৌশল | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী জানান তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে। | কার্যক্রমের এ ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | জনস্বাস্থ্য প্রকৌশলী |
| ১৫ | সমবায় | উপজেলা সমবায় অফিসার জানান যে, ২০১৩-২০১৪ অর্থ বছরে ২৬০টি প্রাথমিক সমবায় সমিতির বার্ষিক অডিট বরাদ্দ প্রদান করা হয়েছে। এবং ২০১২-১৩ অর্থ বছরে প্রাথমিক সমবায় সমিতির অডিট ফি ২৬১০ টাকা ও সমবায় উন্নয়ন তহবিল প্রাথমিক সমবায় সমিতির ১৭৬৬১ টাকা কেন্দ্রীয় সমবায় সমিতির ৭৮১ টাকা ধার্য করা হয়েছে। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় অফিসার |
| ১৬ | খাদ্য | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে। টিআর, কাবিখা, জিআর, ভিজিডি খাতে ডিওর খাদ্য শস্য বিতরন কার্যক্রম যথা নিয়মে চলছে। | কার্যক্রমের এধারা অব্যহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |

| | | | | |
|---|---|---|---|---|
| | বন বিভাগ | -- | -- | -- |
| ১৮ | এবাএখা | উপজেলা সমন্বয়কারী জানান যে, সঞ্চয় প্রাদান ও ঋণ প্রদানের কার্যক্রম স্বাভাবিক চলছে। | কার্যক্রমের এধারা অব্যহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমন্বয়কারী |
| ১৯ | বিবিধ | ক) ১৪২২বাংলা সনে রূপগঞ্জ উপজেলাধীন ১২টি হাটবাজার ও ১টি খেয়াঘাট ইজারা বন্দোবস্ত বিষয়ে সভায় আলোচনা হয়। ইজারা বন্দোবস্তের বিজ্ঞপ্তি জাতীয় দৈনিক কালের কণ্ঠ ও স্থানীয় দৈনিক শীতলক্ষ্যা প্রকাশসহ ব্যপক প্রচার করা হয়। প্রথম পর্যায়ে দরপত্র দাখিলের দিনে ১২ মার্চ, ২০১৫, ১০টি হাট বাজার ও একটি খেয়া ঘাটের দরপত্র দখিল হয়। যার বিস্তারিত বিবরণ নিম্ন রূপঃ<br>১। বরালু হাট-জনাব মোঃ দীন ইসলাম, পিতা-মৃত আনোয়ার আলী, গ্রাম-ছাতিয়ান, ডাকঘর-পূর্বগ্রাম, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ ১৯,৮০০ টাকা দর দাখিল করেন। তাঁর দাখিল কৃত দর সর্বোচ্চ এবং সরকারি মূল্য হতে অধিক হওয়ায় দরপত্র মূল্যায়ণকমিটি তাকে কার্যাদেশ প্রদানের সুপারিশ করেন।<br>২। পুটিনা হাট-জনাব মোঃ ফিরোজ মিয়া, পিতা-মরহুম শরফত আলী, গ্রাম-খাসপুটিনা, দাউদপুর, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ এর দাখিল কৃত দর ৪২০০/-টাকা। তাঁর দাখিল কৃত দর সর্বোচ্চ এবং সরকারি মূল্য হতে অধিক হওয়ায় দরপত্র মূল্যায়ণকমিটি তাকে কার্যাদেশ প্রদানের সুপারিশ করেন।<br>৩। স্বর্ণখালী হাট-জনাব মোঃ মিয়াজদ্দিন, পিতা-মৃত আঃ হেকিম মোল্লা, গ্রাম-গুতুলিয়া, পাচরুখী, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ ২১,১০২/-টাকা দর দাখিল করেন। তাঁর দাখিল কৃত দর সর্বোচ্চ এবং সরকারি মূল্য হতে অধিক হওয়ায় দরপত্র মূল্যায়ণকমিটি তাকে কার্যাদেশ প্রদানের সুপারিশ করেন।<br>৪। পশি হাট-জনাব মোঃ জহিদুল ইসলাম, পিতা-মৃত আলী হোসেন ভূইয়া, কাদিরারটেক, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ এর দাখিলকৃত দর, ৬,৭৫,০০০/- টাকা। তাঁর দাখিল কৃত দর সর্বোচ্চ এবং সরকারি মূল্য হতে অধিক হওয়ায় দরপত্র মূল্যায়ণকমিটি তাকে কার্যাদেশ প্রদানের সুপারিশ করেন।<br>৫। বাগবেড় হাট-জনাব মোঃ সামছুল হক, পিতা-মৃত আসাদুল হক, শিবগঞ্জ, মুড়াপাড়া,রূপগঞ্জ, নারায়ণগঞ্জ এর দাখিলকৃত দর ৬৮,০৫০/-টাকা। তাঁর দাখিল কৃত দর সর্বোচ্চ এবং সরকারি মূল্য হতে অধিক হওয়ায় দরপত্র মূল্যায়ণকমিটি তাকে কার্যাদেশ প্রদানের সুপারিশ করেন।<br>৬। হোড়গাঁও বাজার-জনাব মোঃ শাহজাহান মোল্লা, পিতা-আব্দুল মজিদ মোল্লা, হোড়গাঁও, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ এর দাখিলকৃত দর ৩০০০/-। তাঁর দাখিল কৃত দর সর্বোচ্চ এবং সরকারি মূল্য হতে অধিক হওয়ায় দরপত্র মূল্যায়ণকমিটি তাকে কার্যাদেশ প্রদানের সুপারিশ করেন।<br>৭। গোলাকান্দাইল হাট-জনাব মোঃ মঞ্জুর হোসেন ভূইয়া, পিতা-মৃত ফজলুল হক ভূইয়া, হোড়গাঁও, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ এর দাখিলকৃতদর ৬৮,৭০,০০০/- তাঁর দাখিল কৃত দর সর্বোচ্চ এবং সরকারি মূল্য হতে অধিক হওয়ায় দরপত্র মূল্যায়ণকমিটি তাকে কার্যাদেশ প্রদানের সুপারিশ করেন।<br>৮। আতলাপুর হাট-শফিকুল ইসলাম, পিতা-মৃত | ক) দরপত্র মূল্যায়ন কমিটি সুপারিশ সমূহ গ্রহণ করে সর্বোচ্চ অর্থাৎ কৃতকার্য দরদাতা বরাবরে কার্যাদেশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>খ) সৌন্দর্য বর্ধনের বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়। | ক) উপজেলা নির্বাহী অফিসার<br><br>খ) উপজেলা প্রকৌশলী |

দেলোয়ার হোসেন শিকদার, মাহমুদাবাদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ এর দাখিল কৃত দর ২,০০,০০০/- । তাঁর দাখিল কৃত দর সর্বোচ্চ এবং সরকারি মূল্য হতে অধিক হওয়ায় দরপত্র মূল্যায়নকমিটি তাকে কার্যাদেশ প্রদানের সুপারিশ করেন।

৯। হাটাব হাট-আব্দুল কাইয়ুম ভূইয়া, পিতা-মৃত আঃ বারেক ভূইয়া, মিঠাব, মাছুমাবাদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ এর দাখিলকৃত দর ১,৬১,০০০/- টাকা। তাঁর দাখিল কৃত দর সর্বোচ্চ এবং সরকারি মূল্য হতে অধিক হওয়ায় দরপত্র মূল্যায়নকমিটি তাকে কার্যাদেশ প্রদানের সুপারিশ করেন।

১০। মুড়াপাড়া হাট-জনাব মোঃ আজিজুল হক ভূইয়া, পিতা-মৃত নূর মোহাম্মদ, হাউলি পাড়া, মুড়াপাড়া, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ এর দাখিলকৃত দর ২১,৫০,০০০/- টাকা। তাঁর দাখিল কৃত দর সর্বোচ্চ এবং সরকারি মূল্য হতে অধিক হওয়ায় দরপত্র মূল্যায়নকমিটি তাকে কার্যাদেশ প্রদানের সুপারিশ করেন।

১১। আতলাপুর খেয়া ঘাট-জনাব মোঃ লাল মিয়া, পিতা-মৃত ইমান উদ্দিন, দাউদপুর, রূপগঞ্জ নারায়ণগঞ্জ এর দাখিলকৃত দর ২০১০০০/- টাকা । তাঁর দাখিল কৃত দর সর্বোচ্চ এবং সরকারি মূল্য হতে অধিক হওয়ায় দরপত্র মূল্যায়নকমিটি তাকে কার্যাদেশ প্রদানের সুপারিশ করেন।

পূর্বগ্রাম হাট ও ভূলতা বাজার এর কোন দরপত্র দাখিল হয় নাই। সভায় দরপত্র মূল্যায়ণ কমিটির সুপারিশ নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

খ) উপজেলা পরিষদ মিলনায়তনের ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের সামনে সৌন্দর্য বর্ধনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং এ বিষয়ে প্রক্কলন প্রস্তুত পূর্বক বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে এবং সকলের সু-স্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ শাহজাহান ভূইয়া)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

স্মারক নং-০৫.৪১.৬৭৬৮.০০০.১৬.০৯.১৩-২৬

তারিখ: ২৫/০৪/২০১৫ খ্রি.।

সদয় জ্ঞাতার্থেঃ-

১। মাননীয় সংসদ সদস্য-২০৪, নারায়ণগঞ্জ-০১।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
৫। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

অবগতি ও কার্যার্থে ঃ

১। মেয়র, তারাব পৌরসভা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
২। উপজেলা ..........................................................কর্মকর্তা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
৩। মেয়র, কাঞ্চন পৌরসভা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
৪। চেয়ারম্যান..............................................ইউপি (সকল), রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
৫। জনাব/বেগম....................................................................................।

২৬/৪/২০১৫

উপজেলা নির্বাহী অফিসার
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

পরিশিষ্ট-'ক'

| ক্রমিক নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী সংস্থা/কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশলী বিভাগ | উপজেলা প্রকৌশলী জানান যে, নির্মিতব্য নতুন উপজেলা কমপ্লেক্স ভবনের ফ্লোরে ও সিঁড়িতে টাইলস অন্তর্ভূক্ত নাই। তিনি রাজস্ব খাতের আওতায় নতুন ভবনের ফ্লোর ও সিঁড়িতে টাইল্স সহ কিছু আসবাবপত্র সংগ্রহের জন্য ৪৬,৫০,০০০/- টাকার প্রাক্কলন সভায় উপস্থাপন করেন। | বিস্তারিত আলোচনান্তে প্রাক্কলনটি নির্বাহী প্রকৌশলী এলজিইডি নারায়নগঞ্জ এর কারিগরী মতামত গ্রহণের পর স্থানীয় সরকার মন্ত্রণালয়ে অনুমোদন সাপেক্ষে রাজস্ব তহবিল হইতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| ০২ | উপজেলা প্রকৌশলী বিভাগ | উপজেলা প্রকৌশলী জানান যে, রূপসী-কাঞ্চন রাস্তার চেইঃ ৫৭০০-৬১০০ মিটার কার্ভ অংশে রাস্তার প্রশস্থতা কম থাকায় মুড়াপাড়া বাজার সহ রাস্তার উভয় পার্শ্বে ব্যপক যানজটের সৃষ্টি হয়। যানজট নিরসন সহ রাস্তার যোগাযোগ ব্যবস্থা সহজতর করার লক্ষ্যে উক্ত রাস্তার চেইঃ ৫৭০০-৬১০০ মিটার মোট ৪০০.০০ মিটার অংশে প্রশস্থ করণের জন্য ১.০০ কোটি টাকার প্রাক্কলন সভায় উপস্থাপন করেন। | বিস্তারিত আলোচনান্তে প্রাক্কলনটি নির্বাহী প্রকৌশলী এলজিইডি নারায়নগঞ্জ এর কারিগরী মতামত গ্রহণ পূর্বক স্থানীয় সরকার মন্ত্রণালয়ে অনুমোদন সাপেক্ষে রাজস্ব তহবিল হইতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |